দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 26 DEC 2017 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১ ...

# মুরাদনগরে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ শুরু

■ মুরাদনগর (কুমিল্লা) সংবাদদাতা

উপজেলার ৩৫৩টি বিদ্যালয়ের এক লাখ কোমলমতি শিশু শিক্ষার্থীদের মাঝে নতুন পাঠ্যবই বিতরণের কাজ শুরু করা হচ্ছে। এ লক্ষ্যে পাঠ্যবই বিতরণের উপজেলা শিক্ষা অফিস কাজ শুরু করেছে। বৃহস্পতিবার সকাল ১০টায় উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে বিতরণের কাজ শুরু করা হয়। উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলার ২০৪টি প্রাথমিক বিদ্যালয় ও ১৪৯টি কিন্ডারগার্টেনের প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত এক লাখ শিক্ষার্থীদের হাতে বছরের শুরুতে বিনামূল্যের পাঠ্যবই বিতরণের জন্য চার লাখ ৪৬ হাজারটি নতুন বই প্রতিটি বিদ্যালয়ে পৌঁছে দেওয়া হবে এবং পহেলা জানুয়ারি সোমবার বই উৎসবের মাধ্যমে শিশুদের মাঝে বই বিতরণের শুভ উদ্বোধন করা হবে। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, নাজমুল হাছান শিকদার, সায়মা ছাবরিন, লক্ষ্মীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জামাল হোসেন, চৈইনপুর স্কুলের প্রধান শিক্ষক দেলোয়ার হোসেন, খাপুর স্কুলের প্রধান শিক্ষক ইউনুছ মিয়া, ছিরামপুর স্কুলের প্রধান শিক্ষক কাজী আক্তার হোসেন, পুস্করিনীরপাড় স্কুলের প্রধান শিক্ষক মমতাজ বেগম, মুখলেমপুর স্কুলের প্রধান শিক্ষক শাহেদা আক্তার, দৈরতপুর স্কুলের প্রধান শিক্ষক ইউনুছ মিয়া, চাপিতলা স্কুলের প্রধান শিক্ষক কাউছার আলমসহ স্ব-স্ব স্কুলের প্রধান শিক্ষকরা উপস্থিত ছিলেন।